মুজিবনগরের ইউপি চেয়ারম্যান মিলুকে হেলিকপ্টারে করে নেয়া হলো ঢাকায়

মূমূর্ষ অবস্থায় উন্নত চিকিৎসা নিতে অবশেষে হেলিকপ্টারে করেই ঢাকা ইউনাইটেড হাসপাতাল নেয়া হলো মহাজনপুর ইউনিয়নের একাধিকবার নির্বাচিত চেয়ারম্যান আমাম হোসেন মিলুকে।
আজ রবিবার (২২ মে) সকাল পৌণে ১০ টার সময় মেহেরপুর সরকারি হাইস্কুল মাঠ থেকে হেলিকপ্টার যোগে ঢাকার ইউনাইটেড হাসপাতালের উদ্যেশ্যে রওনা হন তিনি।
তার সাথে রয়েছেন স্ত্রী কল্পনা খাতুন ও ভাস্তে (ভাইয়ের ছেলে) জেলা ছাত্রলীগের সভাপতি আবদুস সালাম বাঁধন।
মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান আমাম হোসেন মিলু গতকাল শনিবার (২১ মে) দুপুরে হার্ট স্ট্রোক জনিত কারণে ২৫০ সয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি হন। মেহেরপুর জেনারেল হাসপাতালের কার্ডিয়াক ডাক্তার আব্দুর রশিদের নিবিড় পর্যবেক্ষণে চিকিৎসাধীন ছিলেন তিনি। চিকিৎসাধীন অবস্থায় তার অবস্থার আরও অবনতি হলে চিকিৎসকরা তাকে উন্নত চিকিৎসার জন্য হেলিকপ্টারে করে তাকে ঢাকায় নেয়া হয়। আলহাজ্ব আমাম হোসেন মিলুর সুস্থ্যতা ও রোগমুক্তির জন্য পরিবারের পক্ষ থেকে জেলাবাসির কাছে দোয়া চেয়েছেন তার পরিবারের লোকজন।

সংগ্রামী রিয়াকে মার্সেলে চাকরির প্রস্তাব

দেশের শীর্ষ বেসরকারী টিভি চ্যানেল “এনটিভি”তে প্রচারিত দেশের একমাত্র কমেডি রিয়েলিটি শো ‘মার্সেল প্রেজেন্টস হা-শো’র ষষ্ঠ মৌসুমের গ্র্যাণ্ড ফিনালেতে সপ্তম স্থানে সুযোগ করে নিলেন

মেহেরপুরের মেয়ে সাদিয়া আক্তার রিয়া।

চ্যাম্পিয়ন হতে না পারলেও যাঁর পারফরম্যান্সে মুগ্ধ হয়েছেন বিচারকেরা। বিশেষ করে তাঁর সংগ্রামী জীবনের গল্প মন ছুঁয়েছে উপস্থিত সবার। রিয়াকে আসরের সপ্তম ঘোষণা দেওয়ার পাশাপাশি দেশের শীর্ষ স্থানীয় কোম্পানী মার্সেলের পক্ষ থেকে তাকে বিশেষ পুরস্কার দেওয়ার পাশাপাশি দেওয়া হয় চাকরির প্রস্তাব।

কমেডি রিয়েলিটি শো ‘মার্সেল প্রেজেন্টস হা-শো’র ষষ্ঠ মৌসুমের গ্র্যান্ড ফিনালেতে ৬ জনকে নির্বাচিত করলেও জীবন যুদ্ধে হার না মানা রিয়ার জীবন কাহিনী হৃদয় স্পর্শ করেছে বিচারকদের। তাই বিচারকরা বিশেষ বিবেচনায় গ্রান্ড ফিনালেতে সপ্তম স্থান দেন রিয়াকে।
অডিশন থেকে চূড়ান্ত পর্ব প্রায় আট মাসের দীর্ঘ অপেক্ষার পর কমেডি রিয়েলিটি শো ‘মার্সেল প্রেজেন্টস হা-শো’র ষষ্ঠ মৌসুমের গ্র্যান্ড ফিনালে।

গত শুক্রবার রাতে আয়োজিত সেই জমকালো গ্র্যান্ড ফিনালেতে ঘোষণা করা হয়েছে ‘মার্সেল প্রেজেন্টস হা-শো’র ষষ্ঠ মৌসুমের চ্যাম্পিয়নের নাম। এবারের আসরে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছেন কিশোরগঞ্জের শফিউল আজম রবিন।

প্রথম ও দ্বিতীয় রানার আপ হয়েছেন মৌলভীবাজারের পার্থ দেব ও চট্টগ্রামের শাশ্বতী। এ মৌসুমে বিশেষ পুরস্কার পেয়েছেন মেহেরপুর জেলার প্রতিযোগী সাদিয়া আক্তার রিয়া। প্রতিযোগীদের হাতে পুরস্কার তুলে দেন এনটিভির পরিচালক আলহাজ্ব নূরউদ্দিন আহমেদ, মার্সেলের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর মো. হুমায়ুন কবির। এসময় দুই প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

‘মার্সেল প্রেজেন্টস হা-শো’র ষষ্ঠ মৌসুমের নিয়মিত বিচারক ছিলেন চিত্রনায়ক আমিন খান ও চিত্রনায়িকা তমা মির্জা। গ্র্যান্ড ফিনালের অতিথি বিচারক চিত্রনায়ক সিয়াম আহমেদ ও চিত্রনায়িকা শবনম বুবলী। গ্র্যান্ড বিচারক কথাসাহিত্যিক-সাংবাদিক ইমদাদুল হক মিলন ও রম্য সাহিত্যিক ও কার্টুনিস্ট আহসান হাবীব। উপস্থাপনা করেছেন জনপ্রিয় স্ট্যান্ডআপ কমেডিয়ান আবু হেনা রনি।

মহাজনপুর ইউপি চেয়ারম্যান মিলু হৃদরোগে আক্রান্ত হয়ে হাসপাতালে

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউনিয়নের চেয়ারম্যান আমাম হোসেন মিলু হৃদরোগে আক্রান্ত মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি হয়েছেন।

শনিবার (২১ মে) দুপুরের দিকে নিজ বাড়িতে তিনি হৃদরোগে আক্রান্ত হলে পরিবারের লোকজন ২৫০ শয্যা মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করেন।

বর্তমানে তিনি হাসপাতালের কনসালটেন্ট (কার্ডিওলজিষ্ট) ডাক্তার আব্দুর রশিদের নিবিড় তত্বাবধানে চিকিৎসাধীন রয়েছেন।

আমাম হোসেন মিলুর ভাতিজা মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন জানিয়েছেন, তিনি বর্তমানে সুস্থ আছেন। জেলাবাসির কাছে তার আশু রোগ মুক্তির জন্য দোয়া চেয়েছেন।

মুজিবনগরে বঙ্গবন্ধু জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব ১৭) উদ্বোধন

উপজেলা পর্যায়ে মুজিবনগরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনুর্ধ্ব-১৭) বালক এর শুভ উদ্বোধন করা হয়েছে।

শনিবার বিকেলে মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স মাঠে প্রধান অতিথি হিসেবে এই ফুটবল টুর্নামেন্ট উদ্বোধন করেন উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস ও উপজেলা নির্বাহী অফিসার ও টুর্নামেন্ট কমিটির সভাপতি সুজন সরকার।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানা ইনচার্য (ওসি) মেহেদি রাসেল, উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সম্পাদক প্রফেসর আবুল কালাম আজাদ, উপজেলা কৃষি অফিসার আনিছুজ্জামান খান, উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ুব হোসেন, মোনাখালি ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান, দারিয়াপুর ইউপি চেয়ারম্যান মাহবুবুল আলম রবি, শিক্ষক, সাংবাদিক, ইউনিয়ন পরিষদ সদস্য ও রাজনৈতিক নেতৃবৃন্দ এবং বিপুল পরিমান দর্শক।

উদ্বোধনী খেলায় একদিকে অংশ গ্রহন করে দারিয়াপুর ইউনিয়ন (অনূর্ধ্ব১৭) একাদশ অন্যদিকে অংশগ্রহন করে মোনাখালি ইউনিয়ন (অনূর্ধ্ব১৭) একাদশ। খেলা নির্ধারিত সময়ে ১-১ গোলে ড্র হলে ট্রাইবেকার অনুষ্ঠাতি হয়। ট্রাইবেকারে দারিয়াপুর ইউনিয়ন একাদশকে ৪-৩ গোলে পরাজিত করে মোনাখালি ইউনিয়ন একাদশ।

দিনের দ্বিতীয় খেলায় একদিকে অংশগ্রহণ করে বাগোয়ান ইউনিয়ন (অনূর্ধ্ব১৭) একাদশ অপরদিকে অংশগ্রহণ করে মহাজনপুর ইউনিয়ন (অনূর্ধ্ব১৭) একাদশ। দ্বিতীয় খেলাটি নির্ধারিত সময়ে ৩-৩ গোলে ড্র হলে খেলাটি ট্রাইবেকারে গড়াই।

ট্রাইবেকারে মহাজনপুর ইউনিয়ন একাদশ ৬-৫ গোলে বাগোয়ান ইউনিয়ন একাদশকে পরাজিত করে। আগামী ২৩ তারিখ সোমবার মোনাখালী ইউনিয়ন একাদশ ও মহাজনপুর ইউনিয়ন একাদশ এর মধ্য ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

খেলায় রেফারি হিসেবে দায়িত্ব পালন করেন ফারাহ হোসেন লিটন, সহকারী রেফারি হিসাবে ছিলেন আশিকুজ্জামান ও আব্দুল কুদ্দুস। ম্যাচের ধারা ভাষ্যকার হিসেবে ছিলেন শামীম শিশির।

গাংনীর করমদি মাধ্যমিক বিদ্যালয়ে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত

স্কুল থেকে ঝরে পড়া রোধ ও শিক্ষার মান উন্নয়নে গাংনী উপজেলার করমদি মাধ্যমিক বিদ্যালয়ে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার দুপুরের দিকে করমদি মাধ্যমিক বিদ্যালয়ের হলরুমে এ অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মু, আলম হুসাইনের সভাপতিত্বে অনুষ্ঠিত অভিভাবক সমাবেশে বক্তব্য রাখেন, তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের ৮ নং ইউপি সদস্য তৌহিদুল ইসলাম, করমদি গ্রাম উন্নয়ন (ভিডিটি) দলের সহ সভাপতি এনামুল হক।

করমদি মাধ্যমিক বিদ্যালয়ে স্কুল ব্যবস্থাপনা কমিটি ও গ্রাম উন্নয়ন দলের সমন্বয় এই অভিভাবক সভা অনুষ্ঠিত হয়।অভিভাবক সমাবেশে উপস্থিত ছিলেন, করমদি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অভিভাবক, বিদ্যালয়ের ব্যবস্থাপনাা কমিটির সদস্য ও গ্রাম উন্নয়ন দলের সদস্যবৃন্দ।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, করমদি গ্রামের নারী নেত্রী মোছাঃ চাম্পা খাতুন ও, ইয়ুথ সদস্যবৃন্দ। বিদ্যালয় থেকে শিক্ষার্থী ঝরে পড়া রোধে অভিভাবকদের সচেতনতা বৃদ্ধি, শিক্ষার মান উন্নয়ন করা, বাল্যবিবাহ প্রতিরোধ এবং মোবাইল ফোন সন্তানকে না দেওয়া।

অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনী এরিয়া অফিসের সমন্বয়কারী মো: হেলাল উদ্দিন।

গাংনীতে গর্তের পানিতে ভেসে উঠে শিশু জিহাদের মৃতদেহ

গাংনী উপজেলার সীমান্তবর্তি সহড়াতলা গ্রামে নির্মাণাধীন মাদ্রাসা চত্ত্বরের একটি গর্তের পানিতে ডুবে জিহাদ হোসেন (৫) নামের এক শিশুর মারা গেছে। জিহাদ সহড়তলা গ্রামের মুরগী ব্যবসায়ী আজমাইন হোসেনের ছেলে।

শনিবার বিকাল সাড়ে ৩ টার সময় বাড়ির পাশে একটি গর্ত থেকে শিশু জিহাদের মরদেহ উদ্ধার করে স্থানীয়রা। স্থানীয়রা জানায়, জিহাদ হোসেন দুপুর ১২ টার থেকে নিখোঁজ হয়।পরিবারের লোকজন জিহাদকে বিভিন্ন স্থানে খুঁজে পাইনি।

পরে বাড়ির পার্শে একটি নির্মানাধীন মাদ্রাসার দিকে খুঁজতে গিয়ে মাদ্রাসা চত্তরে থাকা গর্তের পানিতে জিহাদের মরদেহ ভাসতে দেখে।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে স্থানীয়রা জানান, জিহাদ দুপুরের দিকে বাড়িতে খেলা করছিল। খেলতে খেলতে কোনো এক সময় বাড়ির পাশে চলে যায়। বাড়ির পাশের অসাবধানতা বসত গর্তের পানিতে পড়ে যায়।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

গাংনীতে প্রবাসীর স্ত্রীর আত্মহত্যা !

সুমি আক্তার বন্যা(২৫) নামের এক প্রবাসীর স্ত্রী গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে।

আজ শনিবার সকাল ৯টার দিকে মেহেরপুরে গাংনী উপজেলার কাজিপুর গ্রামের আলম বাজার পাড়ায় এ ঘটনা ঘটে। মৃত বন্যা ওই গ্রামের আব্দুল হান্নানের মেয়ে ও সাহেবনগর গ্রামের প্রবাসী খাইরুল ইসলামের স্ত্রী। পরকিয়ার জেরে সে আত্মহত্যা করেছে বলে স্বীকার

করেছে সুমি আক্তার বন্যার মা সুফিয়া খাতুন । পুলিশ মরদেহ ময়না তদন্তের জন্য মেহেরপুর মর্গে প্রেরণ করেছে।

বন্যার মা সুফিয়া খাতুন জানান, স্বামী প্রবাসে থাকায় বন্যা সে ডীস ব্যবসায়ি আনিচুর রহমানের সাথে পরোকীয়া গড়ে তোলে। সপ্তাহ খানেক আগে বন্যা ওই পরোকীয়াকে গোপনে ঘরে লুকিয়ে রাখে। স্থানীয় ও বাড়ির লোকজন বিষয়টি দেখে ফেলে তাকে মারধর করে তার বাপের বাড়ি কাজিপুরে পাঠিয়ে দেয়। তার পরে প্রেমিক আনিচুর রহমানকে বিয়ের জন্য চাপ দিলে আনিচুর রহমান বিয়ে করতে অপারগতা প্রকাশ করে। এতে রাগে ক্ষোভে ও অভিমানে টিনের ঘরের আড়ার সাথে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করে বন্যা।
বন্যার প্রেমিকবর আনিচুর রহমানের সাথে যোগাযোগের চেষ্টা করেও পাওয়া যায়নি। তার ব্যবহৃত মোবাইল পোনটিও বন্ধ রয়েছে।

ঘটনাস্থল পরিদর্শনকারী কর্মকর্তা এসআই জহির জানান, প্রাথমিক তদন্ত ও বন্যার মা সুফিয়া খাতুনের জবান বন্দীতে আত্মহত্যার কারণ উঠে এসেছে। পরোকীয়ার কারনেই এ আত্মহত্যা বলে প্রাথমিকভাবে নিশ্চিত হওয়া গেছে। বন্যার ঘরে ৬ বছর বয়সের এক শিশুপুত্র রয়েছে।

গাংনীর অফিসার ইনচার্জ(ওসি) আব্দুর রাজ্জাক জানান, মরদেহ ময়না তদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে।

মুজিবনগরে গার্ড অব অনার প্রদানকারীদের আনসার মহাপরিচালকের শুভেচ্ছা উপহার বিতরণ

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালকের পক্ষ থেকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রথম সরকারকে “গার্ড অব অনার” প্রদানকারী অকুতোভয় বীর মুক্তিযোদ্ধা আনসার সদস্য ও তাদের পরিবারকে উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে।

শনিবার সকাল ১০টার দিকে মুজিবনগর আনসার ও ভিডিপি কার্যালয়ে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালকের পক্ষে মেহেরপুর জেলা কমান্ড্যান্ট মোঃ সাহাদাত হোসেন “গার্ড অব অনার” প্রদানকারী আনসার সদস্য তাদের পরিবারকে শুভেচ্ছা উপহার তুলে দেন। এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মোঃ মিরাজুল ইসলাম, “গার্ড অব অনার” প্রদানকারী অকুতোভয় বীর মুক্তিযোদ্ধা আনসার সদস্য এবং বীর প্রতীক খেতাব প্রাপ্ত বীর মুক্তিযুদ্ধা আনসার সদস্য মরহুম ওয়ালিউর রহমানের স্ত্রী ও তাদের পরিবারবর্গ।
গার্ড অব অনার প্রদানকারী আনসার সদস্য মোঃ আজিম উদ্দিন শেখ বলেন, বর্তমান মহাপরিচালক মহোদয় আমার ও আমাদের সকলের পরিবারের বিষয়ে যে সকল উদ্যোগ নিয়েছেন তা পূর্বে কখনো নেওয়া হয়নি। বর্তমান মহাপরিচালক মহোদয় উদার মনের একজন মানুষ। আমরা তাহার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করি।
গার্ড অব অনার প্রদানকারী সিরাজ উদ্দিন বলেন, গত ১৬ এবং ১৭ এপ্রিল মহাপরিচালক মহোদয় মুজিবনগর অবস্থান করেছিলেন । তিনি “গার্ড অব অনার” প্রদানকারী প্রত্যেকের বাড়ি বাড়ি গিয়ে খোঁজখবর নিয়েছেন। এভাবে প্রত্যেকের বাড়ী বাড়ী গিয়ে খোঁজ খবর নেওয়ার ফলে সকলেই অত্যন্ত খুশি হয়েছেন ।
তিনি আরো বলেন, একজন মহাপরিচালক মহোদয়ের পক্ষে এভাবে প্রত্যেকের বাড়ী বাড়ী গিয়ে খোঁজখবর নেয়ার বিষয়টি বিরল ইতিহাস হয়ে থাকবে। তিনি একজন সুযোগ্য অভিভাবক।
অনু্ষ্ঠানের শেষ পর্যায়ে জেলা কমান্ড্যান্ট মেহেরপুর মোঃ সাহাদাত হোসেন বলেন, আনসার ও ভিডিপি একাডেমি গাজীপুরের সফিপুরে বর্তমান মহাপরিচালক মহোদয়ের উদ্যোগে “গার্ড অব অনার” প্রদানকারী অকুতোভয় বীর মুক্তিযোদ্ধা ১২ জন আনসার সদস্যদের ভাস্কর্য নির্মাণ হতে চলেছে।
গার্ড অব অনার প্রদানকারী অকুতোভয় বীর মুক্তিযোদ্ধা আনসার সদস্য ও তাদের পরিবারের বিষয়ে মহাপরিচালক মহোদয়ের নানামূখী পরিকল্পনা রয়েছে। এছাড়াও আনসার বাহিনীর সার্বিক উন্নয়নের বহুমুখী কার্যক্রম চলমান রয়েছে বলে তিনি জানান।

মেহেরপুরের ব্যস্ত সড়কে

ঝুঁকিপূর্ন মোটর সাইকেল স্ট্যান্ট : আদালতের স্বপ্রণোদিত মামলা

মেহেরপুরের বারাদি বাজার ব্যস্ত সড়কে দিন দুপুরে একদল যুবকের ঝুঁকিপূর্ন মোটর সাইকেল স্ট্যান্ট এর একটি ভিডিও গতকাল শুক্রবার স্থানীয় কয়েকটি অনলাইন নিউজ পোর্টাল/পত্রিকায় প্রকাশিত হয়।

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুকে ভাইরাল হওয়া ভিডিওটি মেহেরপুর সদর আমলি আদালতের বিজ্ঞ ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ্’র নজরে এলে তিনি স্বপ্রণোদিত হয়ে বিষয়টি আমলে নেন এবং তদন্তের জন্য অফিসার ইনচার্জ, জেলা গোয়েন্দা শাখা, মেহেরপুরকে নির্দেশ প্রদান করেন।

ভিডিওতে দেখা যায়, একদল যুবক কয়েকটি মোটরসাইকেল নিয়ে ব্যস্ত সড়কে ঝুঁকিপূর্ণ স্ট্যান্ট করছে। ব্যস্ত এই সড়ক দিয়ে একই সময়ে অনেক পথচারী, মোটর সাইকেল এবং যানবাহন চলাচল করতে দেখা যায়। যেকোন সময় সাধারণ মানুষ বড় ধরনের দুর্ঘটনার শিকার হতে পারে বলে ভিডিও দেখে প্রতীয়মান হয়। তাছাড়া স্ট্যান্টকারি মোটর সাইকেল আরোহীরাও সামান্য এদিক সেদিক হলে মারাত্মক দুর্ঘটনার শিকার হতে পারে। ভিডিওটি সামাজিক যোগাযোগ মাধ্যমে (কয়েকটি নিউজ পোর্টালের ফেইসবুক পেজে) প্রচারিত হয়। সাধারণ মানুষ সেই পোস্টে উদ্বেগজনক মন্তব্যে করছেন। একই সাথে পুলিশ ও স্থানীয় প্রশাসনের নীরবতার সমালোচনা করছেন। অনেকেই এসব স্থানীয় কিশোর যুবক গ্যাং এর কার্যকলাপ এবং এদের কাছে সাধারণ মানুষের অসহায়ত্বের কথা উল্লেখ করেছেন। আজ শনিবার ভিডিওটি সংশ্লিষ্ট ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ্’র নজরে এলে তিনি স্বপ্রণোদিত হয়ে বিষয়টি আমলে নেন। ভাইরাল ভিডিওতে দৃশ্যমান ঘটনাটি সঠিক হয়ে থাকলে তা দণ্ডবিধির ২৭৯ ও ২৮৭ সহ ফৌজদারি আইন অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

আদালত বিষয়টি আমলে নিয়ে ঘটনার সত্যতা যাচাই এবং তদন্তপূর্বক সংশ্লিষ্টদের বিরুদ্ধে ফৌজদারি আইন অনুযায়ী উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, মেহেরপুর জেলা গোয়েন্দা শাখাকে নির্দেশ প্রদান করেন।

গাংনীর দুটি স্থানে ছিনতাইয়ের ব্যার্থ চেষ্টা

গাংনী উপজেলার ঝোড়াঘাট সড়কে গাছ ফেলে ছিনতাইয়ের চেষ্টার ঘটনা ঘটেছে।
শুক্রবার দিবাগত রাতে উপজেলার ঝোড়াঘাট-কল্যাণপুর সড়কের পরিত্যক্ত ইটভাটার সামনে ছিনতাইয়ের চেষ্টার এ ঘটনা ঘটনা ঘটে। পরে পুলিশের উপস্থিতি টের পেয়ে ছিনতাইকারীরা পালিয়ে যায়। অন্যদিকে,একই রাতে বামন্দী দেবীপুর সড়কেও ছিনতাইয়ের চেষ্টা চালায় ছিনতাইকারীরা।
তবে পুলিশ সূত্র জানায়, ছিনতাইয়ের চেষ্টাকালে পুলিশের উপস্থিতি টের পেয়ে ছিনতাইকারীরা পালিয়ে যায়।
গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, ঝোড়াঘাট-কল্যাণপুর সড়কে একটি চক্র বসে আছে এমন সংবাদ পেয়ে পুলিশের একটি টিম সেখানে যায়। পরে তারা পুলিশের উপস্থিতি টের পেয়ে পালিয়ে যায়। একই ঘটনা ঘটে দেবিপুর সড়কে। তিনি আরও বলেছেন, এঘটনার পর পুলিশের তৎপরতা বাড়ানো হয়েছে।